

বৈশাখীতে যৌথ উদ্যোগে হাইপার মার্কেট গড়ছে সল্টলেক পুরসভা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: রিলায়েন্স, স্পেসার্স-এর মতো বৈশাখীতে বেসরকারি সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে হাইপার মার্কেট গড়ছে সল্টলেক পুরসভা। বর্তমান বৈশাখী বাজারে বাবসায়ীদের পুনর্বাসন দিয়েই ওই বহুতল বাজার গড়ে তোলা হবে। তবে সেখানে যাতে মধ্যবিত্ত বা নিম্নবিত্তরা কেনাকাটার সুযোগ পান সেদিকে নজর দেওয়া হচ্ছে বলে পুরসভার পক্ষ থেকে জানানো হয়েছে।

বহুদিনের পুরানো বৈশাখী বাজারে ৪২ কাঠা জায়গার উপরে ২১০ জন বাবসায়ী রয়েছেন। সেই জায়গায় বহুতল বাজার গড়ে তোলার জন্য এ এম পি ইউনিভার্সাল রিয়েলটি গ্রুপের সঙ্গে চুক্তি করেছে পুরসভা। 'এ এম পি বৈশাখী' নামে ওই বাজারের আগামী রবিবার কাজের সূচনা করবেন পরিবহনমন্ত্রী সুভাষ চক্রবর্তী। ১৮ থেকে ২০ মাসের মধ্যে সেই কাজ শেষ করাই টার্গেট। যতদিন কাজ শেষ না হবে ততদিন বর্তমান বাজারের বাবসায়ীদের পাশের একটি জায়গায় বসার ব্যবস্থা করা হয়েছে।

সল্টলেক পুরসভার চেয়ারম্যান পরিষদের সদস্য নন্দগোপাল ভট্টাচার্য বলেন, ৪২ কাঠা জায়গার উপরে নতুন বাজার গড়ে তোলা হবে। বর্তমানের ২১০ জন বাবসায়ীকে একতলা ও দোতলায় জায়গা দেওয়া হবে। বেসরকারি সংস্থাটি ৫০ শতাংশ জায়গা পুরসভাকে দেবে। সেখানে বর্তমানের বাবসায়ীদের পুনর্বাসন দেওয়া হবে। বাকি অংশে ওয়ার্ড কমিটির অফিস, পাঠাগার, কমিউনিটি হল থাকবে।

এ এম পি রিয়েলটি ইউনিভার্সিটি গ্রুপের ডিরেক্টর প্রদীপ পোন্ধর বলেন, ৩০ কোটি টাকা বিনিয়োগ করে হাইপার মার্কেটটি তৈরি করা হবে। পুরসভাকে ৫০ শতাংশ দেওয়া হবে। বাকি অংশে অফিস, কমানিশিাল কমপ্লেক্স হবে। বেসমেন্টে গাড়ি পার্কিংয়ের সুব্যবস্থা থাকবে।

সল্টলেক পুরসভার চেয়ারম্যান বিশ্বজীৱন মজুমদার বলেন, এখনকার বাজারগুলি পরিকল্পিত নয়। যেভাবে বাজারগুলি তৈরি করা হয়েছে তা বাঙালি অভ্যাসের মধ্যে পড়ে না। আরও খোলামেলা হওয়া উচিত ছিল। সেগুলি দীর্ঘদিনের পুরানো হয়ে যাওয়ায় সংস্কারের দরকার রয়েছে। তাই সব বাজারই নতুন ভাবে তৈরি করে বহুতল বাজার বানাতে চাই।

Barchaman, Kolkata

22nd April, 2008